

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৫৪.১৩.০০৫.২২. ১৬০


তারিখ: ০৪ আশ্বিন ১৪২৯
১৮ সেপ্টেম্বর ২০২২

বিষয়: জয়পুরহাট টেকনিক্যাল স্কুল ও কলেজের অধ্যক্ষ জনাব মোঃ সরিফুল ইসলাম-এঁর আনুতোষিক ও অবসরভাতা মঞ্জুরীর ক্ষেত্রে চাহিত তথ্য প্রেরণ

সূত্র: কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-টিএসসি/ভোক/অধ্যক্ষ/ব্যক্তি/১৯৮৪/২০১১/১৪৫; তারিখ: ৩০/০৮/২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন জয়পুরহাট টেকনিক্যাল স্কুল ও কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মোঃ সরিফুল ইসলাম-এঁর আনুতোষিক ও অবসরভাতা মঞ্জুরীর প্রস্তাব পর্যালোচনায় দেখা যায়, ২০১৬-১৭ অর্থবছরে গৃহীত অতিরিক্ত অর্থ ১৬৩৮৬০ টাকা ফেরত দেওয়ার প্রস্তাব করলেও ঐ একই বছরে নির্ধারিত ট্যাক্স বাবদ $(১৫৬২৫ \times ১২ \div ১০\%) = ১৮৭৫০$ টাকা কর্তন করেন নি। আবার, ২০১৭-১৮ ও ২০১৮-১৯ অর্থ বছরে প্রাপ্য সম্মানী থেকে ট্যাক্স কর্তন না দেখিয়ে প্রদেয় অতিরিক্ত অর্থ থেকে ট্যাক্স কর্তনের প্রস্তাব করা হয়েছে। প্রকৃতপক্ষে বর্ণিত অর্থ বছরদ্বয়ে তৈরি প্রাপ্য সম্মানী ভাতার ১০% ট্যাক্স বাবদ কর্তন করতে হবে। সেই হিসাবে ২০১৭-১৮ সালে প্রস্তাব অপেক্ষা $(১৫৬২৫ \times ১২ \div ১০\% - ১৭৯৭৬) = ৭৭৪$ টাকা এবং পরবর্তী ২০১৮-১৯ সালে $(১৫৬২৫ \times ১২ \div ১০\% - ১৭৯৭৬) = ৭৭৪$ টাকা কর্তন করতে হবে। অতএব, বর্ণিত তিনটি আর্থিক বছরে তঁকে মোট $(১৮৭৫০ + ৭৭৪ + ৭৭৪) = ২০২৯৮$ টাকা অতিরিক্ত কর্তন করতে হবে। প্রস্তাবিত আদায়যোগ্য ৪,২৫,৩০৭ টাকার সাথে আরো ২০,২৯৮ টাকাসহ মোট ৪,৪৫,৬০৫ টাকা আদায়যোগ্য পাওনা রয়েছে।

২৭। এমতাবস্থায়, আদায়যোগ্য ৪,৪৫,৬০৫ (চার লক্ষ পঁয়তাল্লিশ হাজার ছয়শত পাঁচ) টাকা কর্তনসহ গৃহীত সম্মানী ও ট্যাক্স কর্তন পরীক্ষা-নিরীক্ষাপূর্বক জনাব মোঃ সরিফুল ইসলাম-এঁর আনুতোষিক ও অবসরভাতা মঞ্জুরীর পুনঃপ্রস্তাব জরুরিভিত্তিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মুহাম্মদ আব্দুস সালাম)
উপসচিব

ফোনঃ ০২-৯৫৪৫৪৪৫

ই-মেইল: sastech4@tmed.gov.bd

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১) সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩) অতিরিক্ত সচিব (কারিগরি) এঁর ব্যক্তিগত কর্মকর্তা কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪) অফিস কপি